

‘ইসলামিক কনফারেন্স অব ট্যুরিজম মিনিস্টার্স’র এর
১১তম অধিবেশনে
বাংলাদেশ

11th Session of the Islamic Conference of Tourism Ministers (ICTM) ২৭-২৯ জুন ২০২২ আজারবাইজানের রাজধানী বাকুতে অনুষ্ঠিত হয়। ওআইসিভুক্ত দেশসমূহের পর্যটন মন্ত্রীগণের তিন দিনব্যাপী এ সম্মেলনে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব মোঃ মাহবুব আলী এমপি, বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব আবু তাহের মুহাম্মদ জাবের এবং পররাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব মিজ শায়লা শামা যোগদান করেন।

২৯ জুন ২০২২ তারিখ 11th Session of the Islamic Conference of Tourism Ministers (ICTM) এর মন্ত্রী পর্যায়ের সম্মেলন সূচনা করেন বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব মোঃ মাহবুব আলী এমপি। সম্মেলনের শুরুতে আজারবাইজানের জাতীয় সংগীত পরিবেশন, কোরআন তিলাওয়াত এবং মহামান্য রাষ্ট্রপতির ভাষণ পাঠ করে শুনানো হয়। মন্ত্রী পর্যায়ের সম্মেলন সূচনা করে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব মোঃ মাহবুব আলী এমপি সম্মেলনের উদ্বোধনী ভাষণ প্রদান করেন। উদ্বোধনী ভাষণে মাননীয় প্রতিমন্ত্রী সম্মেলনে আগত সকলকে স্বাগত জানান এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৭৪ সালে ওআইসি শীর্ষসম্মেলনে যোগদানের মাধ্যমে বাংলাদেশের ওআইসিতে অর্ন্তভুক্তির সকলকে মনে করিয়ে দেন।

মাননীয় প্রতিমন্ত্রী বলেন, পর্যটনের উন্নয়নে ওআইসি সদস্যভুক্ত দেশসমূহের একত্রে কাজ করার আরও বেশি সুযোগ ও সম্ভাবনা রয়েছে।

তিনি বলেন, পর্যটন হলো সবচেয়ে দ্রুত বর্ধনশীল শিল্প, যা সাংস্কৃতিক ঐতিহ্যকে সমৃদ্ধ রেখে বৈদেশিক মুদ্রা অর্জন ও কর্মসংস্থান সৃষ্টিতে সহায়তা করে। এই লক্ষ্যে ওআইসির নিয়মিত এই সম্মেলন আয়োজনের ফলে সদস্য রাষ্ট্রসমূহের মধ্যে পর্যটন শিল্পের উন্নয়নে ভবিষ্যতে সহযোগিতা ও সমন্বয় আরও জোরদার হবে। অর্থনীতি, ব্যবসা-বাণিজ্যের ক্ষেত্রে কাছাকাছি আসার এবং দৃঢ় দ্বিপাক্ষীয় সম্পর্ক গড়ে তোলার জন্য এটি নতুন সুযোগ ও দিগন্ত উন্মোচন করবে।

মাননীয় প্রতিমন্ত্রী বলেন, পর্যটন শিল্পের উন্নয়নে ওআইসি সদস্যভুক্ত রাষ্ট্রসমূহের সংস্কৃতি ও ঐতিহ্য সংরক্ষণে একত্রে কাজ করতে হবে। পর্যটন খাতের পরিপূর্ণ বিকাশে ওআইসির সদস্য রাষ্ট্রগুলির মধ্যে সরকারি এবং বেসরকারি উভয় ক্ষেত্রেই আরও বেশি সহযোগিতা ও অংশীদারত্ব প্রয়োজন।

জনাব মাহবুব আলী বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার দূরদর্শী নেতৃত্ব ও নির্দেশনায় বাংলাদেশের পর্যটন শিল্প ধারাবাহিক উন্নয়নের মাধ্যমে বিকশিত হচ্ছে। বিনিয়োগের অনুকূল পরিবেশ, উন্নয়ন বান্ধব কার্যক্রম ও নীতিমালা প্রণয়ন এবং অবকাঠামোগত উন্নয়নের ফলে বাংলাদেশের পর্যটন শিল্পে বেসরকারি খাত উল্লেখযোগ্যভাবে উন্নতি লাভ করেছে। বন্ধুবৎসল জনগণ, উষ্ণ আতিথেয়তা, অপরূপ প্রাকৃতিক সৌন্দর্য, সমৃদ্ধ সংস্কৃতি ও ঐতিহ্য এবং নান্দনিক সব পুরাকীর্তি সমৃদ্ধ বাংলাদেশ ওআইসিভুক্ত দেশসমূহের নাগরিকদের জন্য হতে পারে জনপ্রিয় পর্যটন গন্তব্য।

উল্লেখ্য, ২৭ জুন ২০২২ তারিখ সোমবার শুরু হওয়া ‘ইসলামিক কনফারেন্স অব ট্যুরিজম মিনিস্টার্স’র ১১তম অধিবেশন শেষ হয়েছে ২৯ জুন ২০২২ বুধবার। এই অধিবেশনে বর্তমান সভাপতি রাষ্ট্র বাংলাদেশ পরবর্তী দুই বছরের জন্য আজারবাইজানের কাছে সভাপতিত্ব হস্তান্তর করেছে। 11th Session of the Islamic Conference of Tourism Ministers (ICTM) এর সর্বশেষ সম্মেলনটি ২০১৯ সালে বাংলাদেশের রাজধানী ঢাকায় অনুষ্ঠিত হয়।

OIC City of Tourism ঘোষণা

11th Session of the Islamic Conference of Tourism Ministers (ICTM)এর সাইডলাইনে ২৬ জুন ২০২২ তারিখ বিকাল ০৪:০০ টায় আজারবাইজানের রাজধানী বাকুর JW Marriot Absheron Hotel এ 7th Meeting of the Coordination Committee on Tourism অনুষ্ঠিত হয়। বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব আবু তাহের মুহাম্মদ জাবের সভায় সভাপতিত্ব করেন। কমিটির অন্যান্য সদস্যদেশ হচ্ছে রিপাবলিক অব ক্যামেরুন, রিপাবলিক অব ইরাক, রিপাবলিক অব ইন্দোনেশিয়া, স্টেট অব পালেস্টাইন, কিংডম অব সৌদি আরাবিয়া, রিপাবলিক অব সেনেগাল, রিপাবলিক অব তার্কি এবং রিপাবলিক অব উগান্ডা।

7th Meeting of the Coordination Committee on Tourism এর সভায় তুরস্কের শানলিউরফা শহরকে OIC City of Tourism 2023 এবং উজবেকিস্তানের কিভা শহরকে OIC City of Tourism 2024 নির্বাচন করা হয়। উল্লেখ্য এ কমিটি ২০১৭ সালে সৌদি আরবের মদিনা, ২০১৮ সালে ইরানের তাবরিজ, ২০১৯ সালে বাংলাদেশের ঢাকা ২০২০ সালে আজারবাইজানের গাবালা শহরকে OIC City of Tourism ঘোষণা করা হয়।

সিনিয়র অফিসিয়ালদের সভা

২৭ জুন ২০২২ তারিখ 11th Session of the Islamic Conference of Tourism Ministers (ICTM) এর মন্ত্রি পর্যায়ের সম্মেলনের প্রস্তুতির জন্য ওআইসি দেশসমূহের সিনিয়র অফিসিয়ালদের সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব আবু তাহের মুহাম্মদ জাবের। সম্মেলনে দেয়া বক্তৃতায় তিনি বাংলাদেশের পর্যটন খাতে গৃহীত ব্যবস্থা সম্পর্কে ওআইসি সদস্যদেশসমূহকে অবহিত করেন এবং পর্যটন খাতে দক্ষতা উন্নয়ন, সক্ষমতা বৃদ্ধি, টেকসই পর্যটন উন্নয়ন ইত্যাদির গুরুত্ব তুলে ধরেন। তিনি ওআইসিভুক্ত দেশসমূহের ট্যুরিজমের সম্ভাবনাকে বিবেচনায় নিয়ে পারস্পারিক সহায়তা আরো সম্প্রসারণের লক্ষ্যে ওআইসি কর্তৃক ট্যুরিজম মেলা আয়োজনসহ অন্যান্য কার্যক্রম গ্রহণের আহবান জানান। বক্তৃতায় তিনি বাংলাদেশের পর্যটন মহাপরিকল্পনা বাস্তবায়নে সদস্য রাষ্ট্রসমূহকে বাংলাদেশের পর্যটন খাতে বিনিয়োগের আহবান জানান। আজারবাইজান 11th Session of the Islamic Conference of Tourism Ministers (ICTM) সভাপতি নির্বাচিত হওয়ার পর তিনি আজারবাইজানকে অভিনন্দন জানান এবং স্টেট ট্যুরিজম এজেন্সির প্রতিনিধি জনাব কানান জাসিমভকে দায়িত্বভার হস্তান্তর করেন।